

মহাসড়কের পাশের সব প্রাথমিক বিদ্যালয়ে নিরাপত্তাপ্রাচীর নির্মাণ হবে

কালিয়াকৈর (গাজীপুর) সংবাদমালা

মহাসড়কের পাশে অবস্থিত সব প্রাথমিক বিদ্যালয়ে নিরাপত্তা প্রাচীর নির্মাণ করা হবে বলে ঘোষণা দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ডা. আফসারুল আমিন। তিনি বলেন, 'কোনো কোমলমতি শিক্ষার্থীরা যেন কোনো দুর্ঘটনার শিকার না হয় এ জন্য এই নিরাপত্তার প্রাচীর নির্মাণ করা হবে।' এ সময় তিনি পর্যায়ক্রমে দেশের প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে পিয়ন ও নাইট গার্ড নিয়োগের ঘোষণা দেন।

মঙ্গলবার বিকালে গাজীপুরের কালিয়াকৈর উপজেলার মৌচাক ছাউন উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয় পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এছাড়া দেশের ৪৮৬টি প্রাথমিক বিদ্যালয়কে ৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত উন্নীত করা হবে বলে তিনি জানান।

মন্ত্রী বলেন, 'পরিবের ছেলেমেয়েদের ভালো শিক্ষা দিতে না পারলে দেশের উন্নতি হবে না। জাতিকে সুশিক্ষিত জাতি হিসেবে গড়ে তুলতে হলে শিক্ষাকে গুরুত্ব দিতে হবে।' এ সময় মন্ত্রী কালিয়াকৈর উপজেলার ডাইনকিনি ও গোদালবাথান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২টি করে কক্ষ বাড়ানোর ঘোষণা দিয়ে দেশের যেসব বিদ্যালয়ে কক্ষ কম আছে ওই সব বিদ্যালয়ের কক্ষ বাড়ানোর আশ্বাস দেন।

কালিয়াকৈর উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ ও শিক্ষা বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় সংসদ সদস্য আডভোকেট আকম মোজাম্মেল হক।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, তুমি প্রতিমন্ত্রী মোস্তাফিজুর রহমান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব এস এম নিয়াজ উদ্দিন, শেরপুরের সংসদ সদস্য আতিয়ুর রহমান আতিক, কালিয়াকৈর উপজেলা চেয়ারম্যান কামাল উদ্দিন সিকদার প্রমুখ।